৬.৭ সব ক্ষুদ্র মৎস্য শ্রমিকদের জীবনযাত্রার পর্যাপ্ত মান উন্নয়ণ এবং তাদের অধিকার আদায় করার জন্য রাজ্যের প্রগতিশীল পদক্ষেপ গ্রহণ করা উচিত,এবং জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার মান অনুযায়ী কাজ করতে সুযোগ করে দেওয়া উচিত। রাজ্য ক্ষুদ্র মৎস্য শ্রমিক সম্প্রদায়ের জন্য, যারা সামুদ্রিক, স্বাদু জল ও ভূমি এলাকার ব্যবহার করেন তাদের জন্য টেকসই উন্নয়নের একটি সক্রিয় পরিবেশ তৈরি করবে।রাজ্য ক্ষুদ্রায়তন জেলে সম্প্রদায় বৈষম্যহীন ও সঠিক অর্থনৈতিক নীতি অন্বেষণ করবে ।ক্ষূদ্র উদ্যোগের মৎস্যজীবী ও অন্যান্য খাদ্য উৎপাদনকারী শ্রমিকদের জন্য বিশেষ করে নারীরা যাতে তাঁদের শ্রম পুজি এবং পরিচালনার যথাযত মূল্য পান তার সুযোগ করে দিতে হবে, এবং ও প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার এর ব্যবস্থাপনায় উৎসাহিত করবে। একটি ন্যায্য উপার্জন নীতি রাষ্ট্র নির্ধারিত করবে।

৬.৮ রাষ্ট্রের উচিত ক্ষুদ্রায়তন জেলে সম্প্রদায়ের জন্য এবং অন্যান্য অংশগ্রহন কারীদের জন্য মৎস্য সংক্রান্ত

কার্যক্রম থেকে আয় ছাড়াও পরিপূরক এবং বিকল্প আয় এর সুযোগ এর বিকাশ করা , যা তাদের প্রয়োজন মেটাবে এবং টেকসই ভাবে সম্পদ ব্যবহার এর কাজে লাগবে। জীবিকার সুযোগে বৈচিত্রতা আনবে এবং বহূমুখী করবে। স্থানীয় অর্থনীতির ও বৃহত্তর অর্থনীতিতে মৎস্য চাষ এর ভূমিকাকে স্বীকৃতী এবং সেখান থেকে সুফল তোলা উচিৎ।ক্ষুদ্রায়তন জেলে সম্প্রদায়ের ন্যায় সম্প্রদায়-ভিত্তিক পর্যটন ও ক্ষুদ্র জলজ পালন নিযুক্ত কর্মী দের বিভিন্ন কাজের মাধ্যমে উপকৃত হতে হবে।

৬.৯ ক্ষুদ্রায়তন জেলে সম্প্রদায়ের নারী ও পুরুষদের সমস্ত দলগুলোর জন্য অপরাধ, হিংসা, সংগঠিত অপরাধ কার্যক্রম, জলদস্যুতা, চুরি, যৌন নির্যাতন, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার ইত্যাদি থেকে এমন একটি মুক্ত পরিবেশ তৈরি করা উচিত যাতে তারা মৎস্য সংক্রান্ত কার্যক্রম নির্বিঘ্নে চালাতে পারে। কর্তৃপক্ষ. সমস্ত দলগুলোর মধ্যে হিংসা নির্মূল করতে হবে এবং নারীদের রক্ষা করার লক্ষ্যে যথাযত ব্যবস্থা প্রবর্তন করার জন্য পদক্ষেপ নিতে হবে। ক্ষুদ্রায়তন জেলে সম্প্রদায়ের মধ্যে সহিংসতা. অযথা বলপ্রায়োগ তা সে পরিবারের মধ্যে বা সম্প্রদায়ের মধ্যে যেখানেই হক না কেন, রাষ্ট্র কে সেই সামাস্ত নির্যাতনের শিকার লোক দের জন্য ন্যায়বিচার নিশ্চিত করা উচিত।

৬.১০ রাষ্ট্রের ও ক্ষুদ্রায়তন মৎস্যচাষ সম্পর্কিত কার্যনির্বাহী গনের এমনকি পরম্পরা ও নিয়মতান্ত্রিক পরিচালকবর্গের অভিবাসী মৎস্যচাষী ও তৎ-সংস্লিষ্ট কর্মীদের ভূমিকাকে অনুধাবন করা , স্বীকার করা, এবং সম্মান জানান উচিৎ । দেশান্তর, ক্ষুদ্রমৎস্যচাষের জীবিকায় একটি সাধারন প্রক্রিয়া। রাজ্য ও ক্ষুদ্রায়তন মৎস্যচাষ সম্পর্কিত কার্যনির্বাহী গনের উচিৎ এতে সাহায্য করা এবং এমন একটি ব্যাবস্থাপনা তৈরী করা, যাতে জাতিয় আইনের সাথে সংগতি পূর্ণ পরিচালনাধীন আঞ্চলিক গোষ্ঠী গুলির মৎস্যচাষের উন্নয়ন কে মান্যতা দিয়ে মৎস্যচাষের উৎসগুলির দীর্ঘস্থায়ী ব্যাবহারে যুক্ত অভিবাসীরা নিয়মতান্ত্রিক উপায়ে ও যথেষ্ঠ পরিমানে আরও বেশী ঐক্যবদ্ধ হতে পারে, তাতে উৎসাহীত করা। রাষ্ট্রগুলির উচিৎ ক্ষুদ্র মৎস্যচাষে যুক্ত মৎস্য ব্যাবসায়ী ও মৎস্য চাষীদের সীমানা অতিক্রম করার ক্ষেত্রে সংস্লিষ্ট রাষ্ট্রগুলির মধ্যেকার বোঝাপরার গুরুত্বকে স্বীকৃতি দেওয়া। ক্ষুদ্রায়তন মৎস্যচাষীদর সংগঠনগুলি ও প্রতিষ্ঠানগুলির সাথে আলোচনা করেই নীতি ও পরিচালন ব্যাবস্থা নির্ধারন করা উচিৎ।

৬.১১ রাষ্ট্রের উচিৎ মৎস্য চাষীদের সীমানা বরাবর কার্যকলাপ এর মুল কারনগুলি ও তার থেকে উদ্ভুদ পরিস্থিতি কে স্বীকার করা ও ব্যাক্ত করা এবং সীমানা সংক্রান্ত বিষয়গুলি যা দীর্ঘস্থায়ী ক্ষুদ্রায়তন মৎস্যচাষে বিঘ্ন ঘটাচ্ছে তাকে বুঝতে সাহায্য করা।

৬.১২ রাষ্ট্রের উচিৎ, সমস্ত ক্ষুদ্রায়তন মৎস্যচাষে যুক্ত ব্যাক্তিদের জীবিকা সংক্রান্ত শারীরিক সমস্যাগুলি এবং কাজের অমানবিকপরিবেশ গুলিকে নির্দিষ্ট করা, আন্তর্জাতিক মানবাধিকারের মানদন্ড ও আন্তর্জাতিক বিধি অনুযায়ী রচিত আইন ও তার প্রয়োগ দ্বারা সংরক্ষিত কিনা, তা আন্তর্জাতিক চুক্তির একটি পক্ষ হিসাবে রাষ্ট্রের সুনিশ্চিত করা। এই চুক্তির অন্যান্য পক্ষগুলি হল অর্থনৈতিক,সামাজিক এবং সাংস্কৃতিক অধিকার সংক্রান্ত আন্তর্জাতিক

সম্মেলন(ICESCR) এবং আন্তর্জাতিক শ্রমিক সংগঠন (ILO)। পেশা সংশ্লিষ্ঠ স্বাস্থ্য ও নিরাপত্তা হল মৎস্যচাষের পরিচালনা ও উন্নয়ন প্রচেষ্টার অবিচ্ছেদ্দ অঙ্গ।

৬.১৩ রাষ্ট্রর উচিৎ, বাধ্যতামূলক শ্রমদান এবং মহিলা ও শিশু সহ সকলের ক্ষেত্রে দাদন প্রথা উচ্ছেদ করা এবং মৎস্যচাষ ও চাষীদের এমনকি দেশান্তরী মৎস্যকর্মীদের জন্যও বাধ্যতামূলক শ্রমদান সম্পুর্ণ উচ্ছেদ করতে উপযুক্ত ব্যাবস্থা গ্রহন করা। এটা ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ক্ষেত্রও সমভাবে প্রজোয্য।

৬.১৪ রাষ্ট্র গুলির, ক্ষুদ্রায়তন মৎস্যচাষে যুক্ত সকল জন গোষ্ঠীর সন্তানদের বিদ্যালয় সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে অংশগ্রহন ও শিক্ষা গ্রহনের সুযোগ করে দিতে হবে এবং যুবক-যুবতী সহ সকলকে সম ভাবে তাদের চাহিদা অনুসারে সন্তোষ জনক পছন্দের জীবিকার ব্যাবস্থা করতে হবে।

৬.১৫ ক্ষুদ্রায়তন মৎস্যচাষে যুক্ত সকলকে তাদের সন্তানদের কল্যান ও শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতন হতে হবে,তাদের সন্তানদের এমনকি নিজেদের বৃহত্তর গোষ্ঠীর ভবিষ্যতের কথা ভেবে। ছেলেমেয়েদের ,সকল অপব্যাবহার থেকে মুক্ত হয়ে , শিশুর-অধিকার সংক্রান্ত সম্মেলনে ঘোষিত-অধিকার বোধে উদ্বুদ্ধ হয়ে স্কুল মুখী হওয়া দরকার।

৬.১৬ সমুদ্রবক্ষে (আভ্যন্তরীন এবং সামুদ্রিক মৎস্যচাষে) নিরাপত্তা বিষয়ক জটিলতা ও ত্রুটিযুক্ত নিরাপত্তা ব্যবস্থার পিছনে বহুবিধ কারনগুলিকে সবপক্ষের তরফে চিন্হিত করতে হবে।এই ব্যাপারটি সমস্ত রকম মৎস্যচাষের কার্যক্রমের সাথে সম্পর্কিত। রাষ্ট্রর তরফে FAO, ILO এবং আন্তর্জাতিক সামুদ্রিক সংগঠনের (IMO) ক্ষুদ্রায়তন মৎস্যচাষের সামুদ্রিক নিরাপত্তা সংক্রান্ত আন্তর্জাতিক ঘোষনা ও আইন অনুযায়ী উপযুক্ত জাতীয় আইন প্রনয়ন করে ও প্রয়োগ এর মধ্য দিয়ে তাকে উন্নত করতে হবে।

৬.১৭ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ক্ষেত্রে (আভ্যন্তরীণ ও সামুদ্রিক) পেশাজনিত স্বাস্থ্য ও নিরাপত্তা সমেত উন্নততর সামুদ্রিক নিরাপত্তার প্রশ্নটিকে সবচেয়ে ভাল ভাবে সমাধান করা যাবে, কেবলমাত্র সুসংহত ও সমন্বিত জাতীয় কার্যনীতির গঠন ও রূপায়ন এবং মৎস্যজীবীদের সক্রিয় অংশগ্রহন ও যথোচিত আঞ্চলিক সমন্বয় সাধনের মাধ্যমেই। সাথে সাথে ক্ষুদ্রায়তন মৎস্যচাষে যুক্ত সকলের নিরাপত্তার বিষয়টিকে মৎস্যচাষের সাধারন পরিচালনা পক্রিয়ার সঙ্গে সমন্বিত করা উচিৎ। রাষ্ট্রের উচিত, অন্যান্য বিষয়ের সাথে জাতীয় দুর্ঘটনার সংবাদ পরিবেশনের ব্যবস্থা রাখা, সামুদ্রিক নিরাপত্তা- সচেতনতা কর্মসূচীর ব্যবস্থা রাখা এবং ক্ষুদ্রায়তন মৎস্যচাষের নিরাপত্তার প্রয়োজনে যথাযত আইন প্রনয়নের উদ্যোগ নেওয়া। বর্তমান আইনগুলি বেশি বেশি করে মেনে চলা, তথ্য সংগ্রহ, প্রশিক্ষণ, সচেতনতা এবং অনুসন্ধান ও উদ্ধার এর কাজে বর্তমান প্রতিষ্ঠান ও সম্প্রদায় ভিত্তিক কাঠামোগুলির ভূমিকাকে চিন্হিত করতে হবে।সমুদ্রের ভিতর লঘু উদ্যোগের জলযানগুলি উদ্ধারের জন্য প্রয়োজনীয় সংবাদ পাওয়ার সুযোগ এবং জরুরি ভিত্তিতেঅবস্থান নির্নয় পদ্ধতি ব্যবহারের সুযোগগুলিকে বাড়ানোর ব্যাপারে রাষ্ট্রকে সচেষ্ট হতে হবে।

৬.১৮ ভূমি, মৎস্যচাষ ও বনাঞ্চলের পত্তনীর

দায়িত্বশীল সুনিয়ন্ত্রনের স্বেচ্ছাধীন নির্দেশাবলী মেনে, ২৫নং ধারা সমেত জাতীয় খাদ্যনিরাপত্তা নীতির প্রেক্ষিতে,সকল পক্ষের উচিত ক্ষুদ্রায়তন মৎস্যচাষের প্রতি দায়বদ্ধ সংশ্লিষ্ট সকলের মানবাধিকার ও মর্যাদা রক্ষা করা এমনকি সশস্ত্র সংঘর্ষের সময়েও আন্তর্জাতিক মানবাধিকার আইন মেনে –যাতে তারা প্রথাগত জীবিকা নির্বাহের সুযোগ পান ও তাদের পুরান পরিচিত মৎস্য শিকারের ক্ষেত্রে প্রবেশ করতে পারেন এবং তাদের সংস্কৃতি ও জীবনধারা সংরক্ষিত হয় তা নিশ্চিত করা। তাদের উপর প্রভাব ফেলতে পারে এমন বিষয়গুলিতে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় তাদের কার্যকরী অংশগ্রহনের সুযোগ করে দেওয়া।

৭. মূল্য শৃঙ্খল, মৎস্যচাষ ও শিকার পরবর্তী কাজ এবং বাণিজ্য

৭.১ ক্ষুদ্রায়তন মৎস্যচাষ ও শিকার পরবর্তী উপবিভাগে তার সংশ্লিষ্ট কর্মীরা মূল্য শৃঙ্খলের ক্ষেত্রে যে কেন্দ্রীয় ভূমিকা পালন করে তা সমস্ত স্বার্থ সংশ্লিষ্ট পক্ষকেই স্বীকার করতে হবে। কখনো কখনো যে মূল্য শৃঙ্খলে সংশ্লিষ্ট কর্মীদের ভিতরকার পারদর্শিতার আন্তঃসম্পর্কে সমতার অভাব ঘটে এবং নিরাপত্তাহীন ও প্রান্তিক গোষ্ঠীগুলির বিশেষ সহায়তার প্রয়োজন হয় এ সত্যটিকে মান্যতা দিয়ে এমন পদক্ষেপ সুনিশ্চিত করতে হবে যাতে মরশুমোত্তর পর্বের সংশ্লিষ্ট কর্মীরা প্রাসঙ্গিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ভাগীদার হতে পারেন।

৭.২। মহিলারা শিকারোত্তর উপ-বিভাগে প্রায়শই যে ভূমিকা পালন করেন তা সকল পক্ষের তরফেই মান্যতা দেওয়া উচিত এবং মহিলাদের কাজের অংশগ্রহণের সুযোগ সুবিধা বাড়ানোর ব্যাপারটিকে সমর্থন করা উচিত। মহিলারা যাতে শিকারোত্তর পর্বের উপবিভাগে তাদের জীবিকার ভাগ বজায় রাখতে ও বাড়াতে সমর্থ হন তার জন্য প্রয়োজনীয় বিশেষ সুবিধা ও পরিষেবার ব্যবস্থা রাষ্টকে নিশ্চিত করতে হবে।

৭.৩ ক্ষুদ্রায়তন মৎস্যচাষ শিকারোত্তর পর্ব উপবিভাগে যাতে রপ্তানি বা অভ্যন্তরীণ বাজারের জন্য উচ্চমানের গাছ বা মৎস্যচাষজাত দ্রব্য দায়িত্বশীল ও স্থায়িত্বশীল প্রক্রিয়ায় তৈরী করতে পারা যায় সেই ব্যাপারে সহায়ক উপযুক্ত পরিকাঠামো, প্রাতিষ্ঠানিক কাঠামো ও সামর্থ্য বিকাশের ক্ষেত্রে নিয়োগের জন্য রাষ্ট্রের সাহায্য, অনুদান এবং বিনিয়োগের ব্যবস্থা করা উচিত।

৭.৪ রাষ্ট্র এবং উন্নয়নের সহযোগীদের পক্ষ থেকে মৎস্যজীবী ও মৎস্য শ্রমিকদের পরম্পরাগত সংগঠনকে মান্যতাদান এবং উপযুক্ত সাংগঠনিক বিকাশ এবং মূল্য শৃঙ্খলের সকল স্তরের দক্ষতা বিকাশের জাতীয় আইন অনুযায়ী তাঁদের আয় বৃদ্ধি ও

৩। এই, প্রসঙ্গত অন্তর্ভুক্ত, জেলেদের এবং মাছ ধরার জাহাজ/ নৌকা্র জন্য নিরাপত্তা 1968 কোড (সংশোধিত থেকে), 1980। এফ এ / আইএলও / আইএমও স্বেচ্ছা নির্দেশিকা নকশা, নির্মাণ এবং ছোট মাছ ধরার জাহাজ/ নৌকা্র সরঞ্জাম, এবং দৈর্ঘ্য কম 12 মিটার এর Decked মাছ ধরার জাহাজ ও Undecked মাছ ধরার নৌকা্র জন্য 2010 নিরাপত্তা সুপারিশ।তথ্য সংগ্রহ, প্রশিক্ষণ ও সচেতনতা, এবং অনুসন্ধান এবং রেসকিউ অপারেশন এই প্রক্রিয়ায় স্বীকৃত করা উচিত. রাষ্ট্রের ক্ষুদ্র নৌকা্র জন্য সমুদ্র রেসকিউ জন্য জরুরী অবস্থান সিস্টেম তথ্য এবং অ্যাক্সেস উন্নীত করা উচিত।

৪। অনুচ্ছেদ 25 জমি, মৎস্য ও বন মেয়াদ সম্মান দ্বন্দ্ব এনটাইটেল করা হয়

জীবিকার নিরাপত্তা সুদৃঢ় করতে সাহায্য করা উচিত। তদনুসারে মৎস্যচাষ বিভাগের সমবায় সমিতি, পেশাগত সংগঠন ও অন্যান্য সাংগঠনিক কাঠামো, তার সঙ্গে বিপণনের উপযোগী প্রকরণ (যেমন নিলামে ব্যবস্থা) প্রয়োজনানুযায়ী নতুন করে গড়ে তোলা বা বর্তমান সংগঠনগুলিকে আরও শক্তিশালী গড়ে তোলার কাজে সাহায্য পাওয়া উচিত।

৭.৫ সকল তরফ থেকেই শিকারোত্তর পর্বের ক্ষতি ও অপচয় এড়িয়ে চলা উচিত এবং মূল্য সংযোজন, প্রচলিত পরম্পরাগত ও স্থানীয় কম খরচের প্রযুক্তির ওপর নির্ভর করে স্থানীয় স্তরের উদ্ভাবন এবং সংস্কৃতি বান্ধব প্রযুক্তির নির্মাণ করতে হবে। বাস্তুতন্ত্র নির্ভর পদ্ধতির পরিধির মধ্যে পরিবেশের স্থায়িত্বশীলতা-উপযোগী ব্যবহারিক প্রয়োগকে অগ্রাধিকার দিতে হবে যাতে ছোটো ব্যবসার ক্ষেত্রে মাছ নিয়ে ব্যবহার ও প্রক্রিয়াজাত করার কাজে নিবেশগুলির (যেমন জল, জ্বালানি কাঠ ইত্যাদির) অপচয়ের মত ব্যাপারগুলিকে নিবৃত করা যায়।

৭.৬ ক্ষুদ্রায়তন মৎস্যচাষ দ্বারা উৎপন্ন দ্রব্যের যথাযথ বৈষম্যহীন বাণিজ্য বৃদ্ধি করতে আঞ্চলিক, জাতীয় এবং আন্তর্জাতিক বাজারে প্রবেশের সুযোগ সুবিধা রাষ্ট্রকে করে দিতে হবে। রাষ্ট্রগুলিকে একসাথে কাজ করে বাণিজ্য নীতি এবং পদ্ধতিগুলির প্রবর্তন শুরু করতে হবে যাতে বিশেষ করে ক্ষুদ্রায়তন মৎস্যচাষ আঞ্চলিক বানিজ্যের ক্ষেত্রে সহায়তা পায়। এসব কাজে বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-র অধীনে চুক্তিকে হিসাবে রাখতে হবে আর WTO -র সদস্যদের অধিকার এবং বাধ্যবাধকতাগুলিকে যথোপোযুক্ত ক্ষেত্রে মান্যতা দিতে হবে।

৭.৭ মাছ এবং মৎস্যজাত দ্রব্যের আন্তর্জাতিক বানিজ্যে প্রতিক্রিয়া এবং উচ্চ মূল্যবানের ফলস্বরূপ স্থানীয় ক্ষুদ্রায়তন মৎস্যচাষ ও মৎস্যশ্রমিকদের এবং তাঁদের সম্প্রদায়গুলির ওপর যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয় রাষ্ট্রের তরফে সেটিকে গুরুত্ব দিয়ে দেখতে হবে। আন্তর্জাতিক মৎস্যবাণিজ্য এবং রপ্তানির জন্য উৎপাদন, অন্যদিকে যাতে আবার যেসব লোকের খাদ্য তালিকায় মাছ থাকা একান্ত জরুরী বা যাদের ক্ষেত্রে মাছের সমতুল্য খাদ্য উৎস সহজ প্রাপ্য বা ক্ষমতাসাধ্য নয় তাঁদের সুস্থ এবং স্বাভাবিক জীবনের ওপর ক্ষতিকারক প্রভাব না ফেলে দেয় সে ব্যাপারটিকেও সুনিশ্চিত করতে হবে।

৭.৮ রাষ্ট্রের, ক্ষুদ্রায়তন মৎস্যচাষ-সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত লোক এবং অন্য সমস্ত মূল্য শৃঙ্খল সংশ্লিষ্ট লোকেদের তরফে মেনে নেওয়া উচিত যে আন্তর্জাতিক বাণিজ্য থেকে পাওয়া মুনাফা ন্যায়সম্মতভাবে বাঁটোয়ারা করে নেওয়া উচিত। রাষ্ট্রের তরফে এটা সুনিশ্চিত করা উচিত যে কার্যকরী মৎস্যচাষ পরিচালক বর্গ যাতে তাঁদের অবস্থান থেকে বাজারজনিত অতিশোষণকে বাধা দিতে পারেন, যে অতিশোষনের দরুন মৎস্যচাষ সংশ্লিষ্ট সম্পদ উৎস, খাদ্য নিরাপত্তা ও পুষ্টির জগৎ বিপদগ্রস্থ হয়ে যেতে পারে। তদনুসারে, মৎস্যচাষ পরিচালন ব্যবস্থার অধীনে দায়িত্বশীল শিকারোত্তর পর্বের প্রথা, নীতি এবং কার্যক্রমে এমনভাবে অন্তর্ভুক্ত করতে হবে যাতে রপ্তানির আয়ের সাফল্যের সাহায্যে ছোটমাপের মৎস্যজীবীরা বা অন্যান্য শ্রেণীর মূল্য শৃঙ্খলে যুক্ত সকলেই যথাযথভাবে লাভবান হতে পারেন।

৭.৯ রাষ্ট্রকে এমন সব পরিবেশন সংক্রান্ত, সামাজিক এবং অন্যান্য প্রাসঙ্গিক মূল্য নিরূপণ ইত্যাদি সম্পর্কিত নীতি ও কার্যক্রম গ্রহণ করতে হবে যাতে পরিবেশ, ক্ষুদ্রায়তন মৎস্যচাষ উদ্ভূদ সংস্কৃতি, জীবন-জীবিকা এবং খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিশেষ করণীয়গুলি যথাযথভাবে সম্বোধিত হয়। স্বার্থসংশ্লিষ্টদের সঙ্গে পরামর্শ আলোচনা এই সমস্ত নীতি ও কার্যক্রম গ্রহণের আব্যশিক অঙ্গ হওয়া উচিত।

৭.১০ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের মূল্য শৃঙ্খলের সঙ্গে স্বার্থ জড়িত সকলের কাছে বাজার ও বাণিজ্য-সংক্রান্ত তথ্য যাতে পৌঁছাতে পারে সেই সুযোগ রাষ্ট্রকে করে দিতে হবে। পরিবর্তনশীল বাজারের অবস্থার সঙ্গে যাতে ক্ষুদ্রায়তন মৎস্যচাষের স্বার্থ সংশ্লিষ্টরা সামঞ্জস্য বিধান করে নিতে পারেন সেই উদ্দেশ্যে সময়মতো বাজারের পরিস্থিতি সঠিক খবর পেতে তাঁদের সামর্থ্য বাড়াবার কাজে রাষ্ট্রকে সাহায্য করতে এগিয়ে আসতে হবে। ক্ষুদ্রায়তনের মৎস্যচাষ গুলির সঙ্গে স্বার্থ সংশ্লিষ্টদের এবং বিশেষ করে মহিলা এবং নিরাপত্তাহীন ও প্রান্তিক গোষ্ঠীগুলির জন্য দরকার তাঁদের সক্ষমতার মানের উন্নয়ন যাতে তাঁরা একদিকে বিশ্ব বাজারের এবং স্থানীয় পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার জন্য নিজেদেরকে কিছুটা বদলে নিতে পারেন, আবার সঙ্গে সঙ্গে যথাযথভাবে বিশ্ববাজারে প্রবণতার গতিপ্রকৃতি ও আঞ্চলিক পরিস্থিতির সুযোগ নিয়ে কিছুটা লাভ উঠিয়ে নিতে পারে। এভাবে পরিস্থিতির সম্ভাব্য ঋণাত্মক অভিঘাতকে নূন্যতম পর্যায়ে ঠেলে দিতে পারেন।

৮. লিঙ্গ সমতা

৮.১ লিঙ্গ সমতা প্রতিষ্ঠিত করার জন্য সকলের এক সঙ্গে প্রচেষ্টা চালানো উচিত এবং লিঙ্গ বৈষম্য দূর করে স্ত্রী-পুরুষকে মূলস্রোতে একীভূত করাই হবে ক্ষুদ্রায়তন মৎস্যচাষ উন্নয়নের রণনীতির অবিচ্ছেদ্য অঙ্গ এই কথাটি সকল পক্ষকেই মেনে নিতে হবে। লিঙ্গ সমতার এই রণনীতিগুলিতে বিভিন্ন সাংস্কৃতির পরিপেক্ষিতে বিভিন্ন প্রয়োগ কৌশলের প্রয়োজন হবে আর এসমস্ত গুলির ক্ষেত্রেই মহিলাদের প্রতি বৈষম্যমূলক বিরূপ আচরণের তীব্র বিরোধিতা করতে হবে।

৮.২ রাষ্ট্রকে আন্তর্জাতিক মানবাধিকার আইনের অবশ্য পালনীয় শর্তগুলিকে মেনে নিতে হবে এবং যে সমস্ত প্রাসঙ্গিক বিধিগুলিতে তাঁরা অংশভাগী, সেগুলিকে অবশ্যই কার্যকর করতে হবে। এর মধ্যে অন্য অনেকগুলির সঙ্গে আছে CEDAW এবং বেইজিং ঘোষণা এবং সক্রিয়তার মঞ্চ – এক্তহা ভুলে গেলে চলবে না। ক্ষুদ্রায়তন মৎস্যচাষগুলির সঙ্গে বিশেষভাবে জড়িত নীতিগুলির ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় মহিলাদের সমান অংশীদারিত্ব নিশ্চিত করতে রাষ্ট্রের সচেষ্ট হওয়া উচিত। CSO -র জন্য পরিসর তৈরী করার সময়ে মহিলাদের বিরুদ্ধে, বিশেষ করে মহিলা মৎস্যজীবি এবং তাঁদের সংগঠনের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণের প্রতিবিধানের জন্য তৎপর হতে রাষ্ট্রকে বিশেষ পদক্ষেপ নিতে হবে। মৎস্যচাষীদের সংগঠনগুলিতে যোগদানের জন্য মহিলাদেরকে উৎসারহিত করতে হবে এবং প্রাসঙ্গিক সাংগঠনিক শক্তি বৃদ্ধির পক্ষে সমর্থন জরো করতে হবে।

৮.৩ রাষ্ট্রকে লিঙ্গ সমতার বাস্তবায়নের জন্য নতুন নীতি গ্রহণ এবং আইন প্রণয়ন করতে হবে এবং

প্রয়োজনে যে আইন, নীতি এবং ব্যবস্থাগুলি লিঙ্গসমতার সঙ্গে খাপ খায় না সেগুলিকে বদলে নিতে হবে, সেই বদলানোর সময় সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক অবস্থানের ব্যাপারটিকে হিসাবে রাখতে হবে। সম্প্রসারণের কর্মী হিসাবে স্ত্রী—পুরুষ উভয়কেই নিযুক্ত করতে হবে, দেখতে হবে স্ত্রী—পুরুষ উভয়েই সম্প্রসারণ বা প্রযুক্তি পরিষেবার কাজ করার সমান সুযোগ পায় অথবা আইনের সহায়তার ব্যাপারেও সমান সুযোগ পায় এই রকমের মৎস্যচাষ সংক্রান্ত নানা বিষয়ে লিঙ্গ সমতার প্রতিষ্ঠার জন্য পদক্ষেপ গ্রহণের সামনের সারিতে রাষ্ট্রকে এগিয়ে আসতে হবে। মহিলাদের মর্যাদা বাড়ানো এবং লিঙ্গ সমতা প্রতিষ্ঠার উদ্দেশ্যে আইন প্রণয়ন, নীতিগ্রহণ ও সক্রিয়তার বাস্তব অভিঘাত—নিরূপণ করার জন্য কাজের মূল্যায়ন পদ্ধতি গড়ে তোলার ব্যাপারে সকলকেই সহযোগিতা করা উচিত।

৮.৪ ক্ষুদ্রায়তনের মৎস্যচাষে মহিলাদের কাজে উপযুক্ত এবং প্রয়োজনীয় উন্নত প্রযুক্তি গড়ে তোলার কাজে সকল পক্ষেরই উৎসাহ দেওয়া উচিত।

৯. বিপর্যয়ের ঝুঁকি ও জলবায়ু পরিবর্তন

৯.১ স্থায়িত্বশীল ক্ষুদ্রায়তন মৎস্যচাষের প্রাসঙ্গিকতায় তো বটেই, সাধারণভাবেই বলা যায় জলবায়ু পরিবর্তনের বিপদের মোকাবিলার জন্য জরুরি হচ্ছে দ্রুত এবং বিশাল মাপের সক্রিয় পদক্ষেপ, যেটিতে জলবায়ু পরিবর্তন বিষয়ে জাতিসংঘের কাঠামো নির্মাণ (Framework) সম্মেলনের (UNFCC) উদ্দেশ্যে, নীতি এবং শর্তাবলী অনুসরণ করতে হবে এবং স্থায়িত্বশীল উন্নয়নের বিষয়ে জাতি সঙ্ঘের সম্মেলনের (রিও+২০) চূড়ান্ত দলিল — 'যে ভবিষ্যৎ আমাদের কাম্য'—টিকে বিবেচনাধীন রাখতে হবে, এই কথাটা সব রাষ্ট্রেরই মনে রাখা উচিত।

৯.২ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ওপর প্রাকৃতিক এবং মানব সভ্যতাসৃষ্ট বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের বিভিন্নতা বিশিষ্ট ক্ষতিকারক প্রভাবকে চিহ্নিত করা এবং গুরুত্বসহকারে বিবেচনা করা — সকল তরফেরই কর্তব্য। মৎস্যচাষের ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাবের প্রতিকার করার জন্য রাষ্ট্রের নীতি প্রণয়ন ও পরিকল্পনা করা উচিত। বিশেষ করে দেশীয় জনগোষ্ঠীর নারীপুরুষ সহ মৎস্যজীবী গোষ্ঠীদেরকে নিয়ে নিরাপত্তাহীন এবং প্রান্তিক গোষ্ঠীগুলির ওপর বিশেষ গুরুত্ব দিয়ে সকলের সাথে সম্পূর্ণ খোলামেলা এবং কার্যকরী আলোচনার ভিতর দিয়ে, বিশেষ করে যেখানে যেমন দরকার তেমনটি রদবদল ঘটিয়ে বা খতির পরিমাণ কমিয়ে সাথে সাথে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ক্ষমতা বাড়িয়ে তোলার বিশেষ রণনীতি গ্রহণের সাহায্যে এই কাজটা করতে হবে। জলবায়ু পরিবর্তনের ফলে ছোট ছোট দ্বীপগুলিতে খাদ্য নিরাপত্তা, পুষ্টি সরবরাহ, গৃহ নির্মাণ এবং জীবিকার ওপর বেশী প্রভাব পড়ে, তাই সেখানকার মৎস্যজীবি গোষ্ঠীগুলির জন্য বিশেষ সহায়তা প্রদান করতে হবে।

৯.৩ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ওপর বিপর্যয়ের বিপদ এবং জলবায়ু পরিবর্তনের কু-প্রভাবের মোকাবিলার জন্য নিজেদের বিভিন্ন ক্ষেত্রের ভিতর সহযোগিতা সহ সমন্বিত ও সামগ্রিক কর্ম কৌশলের প্রয়োজনীয়তার কথা সকল তরফেই স্বীকার করতে হবে। রাষ্ট্র সমূহ এবং সম্পর্কিত সকল পক্ষেরই দূষণ, তটক্ষয় এবং মৎস্য শিকার ছাড়া মনুষ্য সৃষ্ট অন্য কারণগুলিতে

উপকূলের জীবজন্তু — গাছপালা — স্বাভাবিক আবাসের বিনাশে সমস্ত বিষয়গুলির মুখোমুখি হতে পদক্ষেপ নেওয়া দরকার। মৎস্যজীবি গোষ্ঠীগুলির জীবন জীবিকার ওপর সমস্ত সমস্যা গুলির ভীষণ রকম ক্ষতিকারক প্রভাব ফেলে সাথে সাথে জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য অভিঘাতের সঙ্গে নিজেদের খাপ খাইয়ে নেওয়ার তৎপরতার ওপরও প্রভাব ফেলে।

৯.৪ জলবায়ু—পরিবর্তন অথবা প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট বিপর্যয়গুলির দ্বারা ক্ষতিগ্রস্থ মৎস্যজীবি গোষ্ঠীদেরকে ছোট খাটো রদবদল, সাময়িক কষ্ট লাঘবের সম্বল সরবরাহ ও সাহায্যের পরিকল্পনার ভিতর দিয়ে সহায়তা করা, পাশে দাঁড়ানোর কথা রাষ্ট্রের তরফে ভাবা উচিত।

৯.৫ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ওপর মানুষের নানা কার্যকলাপের কারণে সংঘটিত ক্ষতিকারক বিপর্যয়গুলির জন্য দায়ীপক্ষকে দোষী সাব্যস্ত করতে হবে।

৯.৬ শিকারোত্তর পর্ব এবং বাণিজ্য উপ-বিভাগটির ওপর মাছের প্রজাতি এবং সংখ্যা এবং মাছের গুণ এবং নিজস্ব জীবন ও বাজারজাত করার উপর জলবায়ু পরিবর্তন এবং বিপর্যয়গুলি যে আঘাত হানে সেগুলি নিয়ে সব পক্ষকেই এক সঙ্গে চিন্তা ভাবনা করতে হবে। ক্ষুদ্রায়তন মৎস্যচাষের সঙ্গে স্বার্থ আবদ্ধ সকল পক্ষেরই ঋণাত্মক অভিঘাতের তিব্রতা লাঘব করার জন্য সামঞ্জস্য বিধানের উদ্দেশ্যে রদবদলের পদক্ষেপ নিতে রাষ্ট্রের তরফে সাহায্যের ব্যবস্থা করতে হবে। যখন নতুন প্রযুক্তির প্রয়োগ শুরু করা হবে তখন সেগুলি মৎস্যপ্রজাতিদের সম্ভাব্য পরিবর্তন, উৎপন্ন দ্রব্য, বাজার এবং জলবায়ুর অস্থিরতার ব্যাপারে নমনীয় ও গ্রাহ্য করে নিতে হবে।

৯.৭ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ক্ষেত্রে আপোদকালীন তৎপরতা ও বিপর্যয়ের মোকাবিলার জন্য উপযুক্ত প্রস্তুতি কতটা সম্পর্কযুক্ত সে বিষয়ে রাষ্ট্রকে অবহিত হতে হবে এবং ত্রাণ ও উন্নয়নের অবিরল অনবচ্ছেদের ধারণাকে প্রয়োগ করতে হবে। দীর্ঘস্থায়ী উন্নয়নের উদ্দেশ্য হল আপোদকালীন অবস্থায় সর্বক্ষন তাৎক্ষণিক ত্রাণ ও পুনর্বাসন, পুনর্নির্মাণ ও উদ্ধারের সাথে সাথে ও ভবিষ্যতের বিপর্যয়েও দুর্দশা কমাবার ব্যবস্থা নিতে হবে। বিপর্যয় মোকাবিলা ও পুনর্গঠণের ক্ষেত্রে ‘পূর্বের চেয়ে ভালো গঠন’ নীতি প্রয়োগ করতে হবে।

৯.৮ জলবায়ু পরিবর্তন সম্পর্কিত উদ্যোগগুলিতে ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ভূমিকা প্রসারণের জন্য সকল পক্ষেরই ভূমিকা গ্রহণ করা উচিত এবং মৎস্যশিকার, শিকারোত্তর পর্ব, বিক্রি এবং বণ্টন, এই সমগ্র মূল্য—শৃঙ্খল—সমেত উপ-বিভাগটিতে সকল তরফ থেকে উৎসাহ প্রদান এবং সমর্থন করা উচিত।

৯.৯ ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠির লোকেরা যাতে উপযোগীকরণের জন্য টাকার যোগান, সুযোগ সুবিধা অথবা জলবায়ু পরিবর্তনের পরিস্থিতি—উপযোগি সংস্কৃতি—বান্ধব প্রযুক্তি সহজে পেতে পারেন সেদিকে রাষ্ট্রকে দৃষ্টিপাত করতে হবে।



অংশ ৩
অনুকুল পরিবেশের সৃজন এবং বাস্তবায়নে সহায়তা

১০। নীতির সুসঙ্গতি, প্রাতিষ্ঠানিক সমন্বয় ও সহযোগিতা

১০.১ জাতীয় স্তরে গৃহীত মানবাধিকার আইন, আন্তর্জাতিক মানবাধিকার আইন, আদিম অধিবাসী সম্পর্কিত বিধি সমেত অন্যান্য আন্তর্জাতিক বিধি যেমনঃ আর্থিক উন্নয়ন, শক্তি, শিক্ষা, নিরাপত্তা ও পুষ্টি নীতি, শ্রম ও নিয়োগ নীতি, বাণিজ্য নীতি, বিপর্যয় ঝুঁকি পরিচালনা (DRM), জলবায়ু পরিবর্তনের উপযোগীকরণ নীতি (CCA), মৎস্যচাষ অধিগম্যতা ব্যবস্থা এবং ক্ষুদ্রমৎস্যজীবি সম্প্রদায়ের মধ্যে সার্বিক উন্নয়নের প্রসারের উদ্দেশ্যে অন্যান্য মৎস্যচাষ ক্ষেত্রীয় নীতি-পরিকল্পনা এবং পুঁজিনিবেশ ইত্যাদি বিষয় সংক্রান্ত নীতিগুলির সামঞ্জস্য বিধানের জন্য রাষ্ট্রকে সমগ্র ব্যাপারটির গুরুত্ব স্বীকার করে কাজ করতে হবে। বিশেষ করে লিঙ্গ সাম্যতাকে নিশ্চিত করতে হবে।

১০.২ রাষ্ট্র প্রয়োজন মতো বৃহৎ পরিকল্পনা তৈরী ও প্রয়োগ করবে, দেশের ভিতরের জলাশয় ও সামুদ্রতট পরিসরের জন্য উন্নয়ন পরকল্পনার ও তার ব্যবস্থাপনার সময় ক্ষুদ্রায়তন মৎস্যচাষের স্বার্থ ও তার ভূমিকার কথা মাথায় রাখতে হবে। আলাপ-আলোচনার অংশ গ্রহণ এবং প্রচারের মাধ্যমে লিঙ্গ সংবেদী নীতি এবং নিয়ন্ত্রণ নীতি ও ব্যাপ্তিযুক্ত পরিকল্পনা সংক্রান্ত আইন উপযুক্তভাবে গড়ে তোলা উচিত। ক্ষুদ্রায়তন মৎস্যজীবি সম্প্রদায় ও অন্যান্য গোষ্ঠীগুলি যেভাবে পরিকল্পনা করে বা আঞ্চলিক উন্নয়নের ছক কষে, প্রথাগত কত্তনী ব্যবস্থা এবং সম্প্রদায়-ভিত্তিক-সিদ্ধান্ত গ্রহণের ব্যবস্থার মাধ্যমে, পরিস্থিতি অনুযায়ী আনুষ্ঠানিক পরিকল্পনা পদ্ধতির মধ্যেও সেই পথ অবলম্বনে কথা বিবেচনা করতে হবে।

১০.৩ সামুদ্রিক ও দেশাভ্যন্তরস্থ জলাশয়গুলির স্থায়িত্বশীলতা ও বাস্তুতন্ত্র বিষয়ক নীতিগুলির সমন্বয় সাধন সুনিশ্চিত করতে এবং সাথে সাথে মৎস্যচাষ, কৃষি এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদ বিষয়ক নীতিগুলির সামগ্রিকভাবে যাতে এই বিভাগগুলির থেকে পাওয়া আন্তঃসম্পর্কযুক্ত জীবিকার সুযোগ বাড়তে পারে— সে ব্যাপারটি সুনিশ্চিত করতে রাষ্ট্রকে নীতি গ্রহণ করতে হবে।

১০.৪ রাষ্ট্রের মৎস্যচাষ নীতি হবে দীর্ঘস্থায়ী, ক্ষুদ্রায়তন— মৎস্যচাষ অনুকূল যা পরিবেশ বান্ধব, ভবিষ্যত দূরদৃষ্টি সম্পন্ন এবং ক্ষুধা ও দারিদ্র অপসারণে পথের দিশারী

১০.৫ রাষ্ট্রকে এমন সব প্রতিষ্ঠানিক পরিকাঠামো নির্মাণ ও যোগসূত্র তৈরী করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে স্থানীয় - জাতীয় - মহাদেশীয় - বিশ্বব্যাপী যোগাযোগ ও যোগসূত্র যা গৃহীত নীতির সুসংগত, অন্তঃবিভাগীয় সহযোগিতা এবং মৎস্যসচাষের ক্ষেত্রে সার্বিকতাবাদী ও একাঙ্গীভূত

বাস্তুতন্ত্র-সৃজনের কর্মকৌশল রূপায়নের জন্য প্রয়োজন — একই সঙ্গে প্রয়োজন সুস্পষ্ট দায়িত্ব বণ্টন এবং সরকারী দপ্তর ও ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠীর এজেন্সিগুলির ভিতরে সুনির্দিষ্ট যোগাযোগ কেন্দ্র।

১০.৬ ক্ষুদ্রায়তন মৎস্যচাষের সঙ্গে স্বার্থ-সংশ্লিষ্টদের নিজেদের পেশা ভিত্তিক গঠনগুলির (যেমন মৎস্যচাষী সমবায়, এবং CSO)— নিজেদের মধ্যে সমন্বয় বাড়ানো উচিত। তাঁদের নিজেদের অভিজ্ঞতা ও তথ্য বিনিময় এবং ক্ষুদ্রায়তন মৎস্যচাষের গোষ্ঠীগুলির সাথে প্রাসঙ্গিক নীতি প্রণয়ন ও সিধান্ত গঠনে অংশগ্রহণ করতে তাঁদেরকে সমন্বিত সংযোগসূত্র এবং তথ্য-অভিজ্ঞতা আদান প্রদানের মঞ্চ গড়ে তুলতে হবে।

১০.৭ বাস্তুতন্ত্র ভিত্তিক এবং জাতীয় আইনানুযায়ী ক্ষুদ্রায়তন মৎস্যচাষের পরিচালনার ক্ষেত্রে স্থানীয় প্রশাসন কার্যকরী সাহায্য করতে পারে এই কথাটি উপযুক্ততার স্বীকৃতি ও প্রতিষ্ঠা করা রাষ্ট্রের কর্তব্যের মধ্যে পড়ে।

১০.৮ রাষ্ট্রকে স্থায়িত্বশীল ক্ষুদ্রায়তন মৎস্যচাষের নিরাপত্তার জন্য আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক স্তরে সহযোগিতা বৃদ্ধিতে সাহায্য করতে হবে। রাষ্ট্রসহ সংশ্লিষ্ট আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সংগঠনগুলির পক্ষ থেকে ক্ষুদ্রায়তন মৎস্যচাষীদের ক্ষমতা ও বোঝাপড়া বৃদ্ধিতে যথোপযুক্তভাবে সাহায্য করতে হবে এবং প্রয়োজনে পাস্পারিক সম্মতির ভিত্তিতে প্রয়োজনীয় প্রযুক্তিও হস্তান্তর করা দরকার।

১১। তথ্য সংস্থান, গবেষণা ও যোগাযোগ

১১.১ রাষ্ট্রের স্বচ্ছতার সাথে একটি মৎস্যচাষ সংক্রান্ত তথ্য সংগ্রহের ব্যাবস্থাপনা স্থাপন করা দরকার, যাতে জীবনবিজ্ঞান সংক্রান্ত, সামাজিক ও অর্থনৈতিক তথ্য সংগৃহীত থাকবে ক্ষুদ্রায়তন মৎস্যচাষের দীর্ঘস্থায়ী ব্যবস্থাপনার সিদ্ধান্ত সংগ্রহণের প্রয়োজনে। যার দ্বারা বাস্তুতন্ত্রের স্থায়িত্বশীলতা ও মজুত মৎস্য সম্পদ নিশ্চিত করা যায়। সরকারী পরিসংখ্যানে স্ত্রী-পুরুষ ভেদে ভাগ করা তথ্য তৈরী করার জন্য উদ্যোগ নিতে হবে। তার সঙ্গে ক্ষুদ্রায়তন মৎস্যচাষ যুক্ত আর্থ-সামাজিক বিষয় এগুলির উন্নত বোঝাপড়া ও তার প্রকাশক্ষম তথ্য তৈরীতেও উদ্যোগ নিতে হবে।

১১.২ সমস্ত স্বার্থ-সংশ্লিষ্ট পক্ষ এবং ক্ষুদ্রায়তন মৎস্যচাষ সম্প্রদায়গুলিকে কার্যকরী সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় পারস্পারিক যোগাযোগ ও তথ্য বিনিময়ের গুরুত্বকে স্বীকার করে নিতে হবে।

১১.৩ রাষ্ট্রকে দুর্নীতি ঠেকাবার ব্যবস্থা গ্রহণ করতে হবে, বিশেষ করে স্বচ্ছতা বৃদ্ধি করে সিদ্ধান্ত গ্রহণকারীদের দায়বদ্ধ করার মধ্য দিয়ে। ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠিগুলির যথাযথ অংশ গ্রহণ ও তাঁদের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে সিদ্ধান্ত নিয়ে নিরপেক্ষতা

নিশ্চিত করতে হবে ও তা দ্রুত প্রকাশ করতে হবে।

১১.৪ সকল পক্ষকেই এটা বুঝতে হবে যে ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠীগুলি জ্ঞানের অধিকারী, জ্ঞান প্রদানকারী এবং জ্ঞানের গ্রাহক, বর্তমান সমস্যাগুলির মোকাবিলা করার জন্য এবং নিজেদের জীবিকার মনোন্নয়নের স্বার্থে তাঁদের সামর্থ্য বর্ধণের পক্ষে উপযোগী তথ্য ভাণ্ডারে ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠীর বা তাঁদের সংগঠনগুলি প্রবেশাধিকারের গুরুত্ব উপলব্ধি করার প্রয়োজন আছে। সম্প্রদায়ের পক্ষে কোন তথ্যগুলি কতটা প্রয়োজন তা নির্ভর করে তাঁদেরকে মৎস্যচাষ ও জীবিকা নির্বাহের জন্য বর্তমানে কোন কোন জৈব, আইনি এবং সংস্কৃতি সমস্যা গুলির মুখোমুখি হতে হচ্ছে তার উপর।

১১.৫ দায়িত্বশীল ক্ষুদ্রায়তন ফিশারিগুলির পক্ষে প্রয়োজনীয় তথ্য এবং স্থায়িত্বশীল বিকাশের বিষয়ে তথ্য পাওয়ার ব্যাপারটি রাষ্ট্রকে সুনিশ্চিত করতে হবে— তার সঙ্গে বেআইনি, গোপন এবং অনিয়ন্ত্রিত(IUU) মৎস্য শিকারের তথ্য পাওয়ার ব্যবস্থা করতে হবে। এসব কিছুর সঙ্গে জুড়ে যাবে বিপর্যয়ের বিপদ, জলবায়ু পরিবর্তন, জীবিকা ও খাদ্য নিরাপত্তার বিষয় গুলি। বিশেষ করে নিরাপত্তাহীন প্রান্তিক গোষ্ঠীগুলির জন্য বিশেষ পরিচর্যার ব্যাপারটি। তথ্যের কম জোগানের পরিস্থিতির জন্য নির্মাণ করতে হবে তথ্যের কম চাহিদার পরিস্থিতির তথ্য সংস্থানের কর্ম-কৌশল।

১১.৬ লঘু উদ্যোগের মৎস্যজীবি গোষ্ঠী ও আদিম অধিবাসীদের প্রজ্ঞা, সংস্কৃতি, ঐতিহ্য এবং পরম্পরার স্বীকৃতি এবং প্রয়োজনে সমর্থন সকল পক্ষের তরফ থেকেই সুনিশ্চিত করতে হবে। তাঁদেরকে স্থানীয় দায়িত্বশীল প্রশাসন এবং স্থায়িত্বশীল উনন্নয়ের কর্মকৌশলের ব্যাপারে অবহিত করে দিতে হবে। মহিলা মৎস্যজীবি ও মৎস্যকর্মীদের বিশেষ প্রজ্ঞাকে সাম্যতা ও সমর্থন প্রদান করতে হবে। পরম্পরাগত মৎস্যচাষের প্রজ্ঞা এবং প্রযুক্তি অনুসন্ধান এবং পঞ্জিকরনের কাজ সরকারকে করতে হবে, যাতে স্থায়িত্বশীল মৎস্যচাষের সংরক্ষণ, পরিচালনা এবং উন্নয়নের কাজে সেগুলি কতদূর প্রযোজ্য তা নিরূপণ করা যায়।

১১.৭ রাষ্ট্র এবং অন্যান্য সম্পর্কযুক্ত পক্ষগুলির তরফে লঘু উদ্যোগের মৎস্যজীবি গোষ্ঠীকে বিশেষ করে আদিবাসী, মহিলা এবং শুধু দিন গুজরানের জন্যে যাঁরা মৎস্য শিকারের উপর নির্ভর করেন তাঁদেরকে সাহায্য করতে এগিয়ে আসতে হবে এবং দরকার মতো প্রযুক্তিগত ও আর্থিক সাহায্য দিতে হবে যাতে করে জলজ জীব সম্পদ ও মৎস্যশিকারের প্রকরণ বিষয়ে পরম্পরাগত জ্ঞানগুলি সংগঠিত করা, বজায় রাখা ও বিনিময় করা যায় এবং জলসম্পর্কিত বাস্তুতন্ত্রের জ্ঞানকে উচ্চস্তরে নিয়ে যাওয়া যায়।

১১.৮ সীমান্তের দু'দিকের জলজসম্পদ সম্পর্কিত তথ্য সমেত সকল তথ্যের সহজ লভ্যতা, প্রবাহ এবং বিনিময় প্রক্রিয়াকে উপযুক্ত নতুন প্লাটফর্ম ও সমন্বিত

সংযোগসূত্র নির্মাণের মাধ্যমে অথবা পুরনোগুলিকে সম্প্রদায়ভিত্তিক, জাতীয়, উপ-আঞ্চলিক ও আঞ্চলিক স্তরে ব্যবহারের মাধ্যমে প্রসারিত করার উদ্যোগ সকল পক্ষ থেকেই নিতে হবে এবং এই প্রক্রিয়ায় আনুভূমিক এবং উলম্ব উভয় প্রকারের তথ্য প্রবাহকেই অন্তর্ভুক্ত করতে হবে। সামাজিক ও সাংস্কৃতিক মাত্রাকে হিসাবের মধ্যে রেখে যথোপযুক্ত দিশা, যন্ত্রকৌশল এবং প্রচারমূলক লঘু ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠির সঙ্গে যোগাযোগ নির্মাণ ও তাঁদের সামর্থ্য-বর্ধনের কাজে ব্যবহার করতে হবে।

১১.৯ রাষ্ট্র ও অন্যপক্ষগুলির দিক থেকে ক্ষুদ্রায়তন ফিশারীর গবেষণায় অর্থসংস্থানের ব্যাপারটিকে যথাসাধ্য সুনিশ্চয় করতে হবে এবং সমন্বয় ও অংশভিত্তিক তথ্য সংকলন, বিশ্লেষণ ও গবেষণাকে উৎসাহিত করতে হবে। রাষ্ট্র এবং অন্যান্য পক্ষকে এই গবেষণালব্ধ জ্ঞানকে তাঁদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার সাথে সংযুক্ত করার ব্যাপারে সচেষ্ট হতে হবে, গবেষণার সংগঠন ও প্রতিষ্ঠানগুলির পক্ষ থেকে সামর্থ্য-উন্নয়ন প্রক্রিয়াকে সাহায্য করতে হবে যাতে ক্ষুদ্রায়তন মৎস্যজীবী সম্প্রদায় থেকে লোকেরা গবেষণা বা গবেষণালব্ধ ফল প্রয়োগের প্রক্রিয়ায় অংশ নিতে পারেন। আলোচনা প্রক্রিয়ার ভিতর দিয়ে গবেষণার মধ্য দিয়ে গবেষণার জন্য কোন বিষয়গুলি সবচেয়ে গুরুত্বপূর্ণ তা বাছাই করা হবে এবং এই ব্যাপারটিতে স্থায়িত্বশীল ভাবে সম্পদের ব্যবহার, খাদ্য নিরাপত্তা, পুষ্টির যোগান, দারিদ্র্য-দূরীকরণ এবং যথাযথ উন্নয়ন এবং তার সঙ্গে DRM ও CCAO বিচারয্যগুলিও অন্তরভূক্ত থাকবে। এসব ক্ষেত্রগুলিতে ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ভূমিকার দিকে গবেষণার দৃষ্টি নিবদ্ধ থাকবে।

১১.১০ দেশান্তরী সমেত সকল মৎস্যজীবি মৎস্য শ্রমিকদের কাজের অবস্থা ও পরিস্থিতি, স্বাস্থ্য, শিক্ষা, সিদ্ধান্ত গঠনের প্রক্রিয়া প্রভৃতি নিয়ে গবেষণাকে যাতে রাষ্ট্র ও অন্যান্য সম্পর্কিত পক্ষও অগ্রাধিকার দেয় সেই ব্যাপারটি দেখতে হবে— এই গবেষণার পরিপেক্ষিত হিসাবে রাখতে হবে, লিঙ্গ সম্পর্ককে, যাতে মৎস্যচাষে স্ত্রী ও পুরুষ উভয় পক্ষই ন্যায় সঙ্গতভাবে লাভের ভাগী হয় তার জন্য প্রয়োজনীয় নীতির বিষয়ে অবহিত করা যায়। ক্ষুদ্রায়তন মৎস্যচাষের জন্য পরিকল্পনা পরিস্থিতি পর্যায়ে ঐক্যবদ্ধ লিঙ্গ ধারার অভিমুখী প্রচেষ্টার সঙ্গে লিঙ্গ ভিত্তি বিশ্লেষণের ব্যবহারকে অন্তর্ভুক্ত করতে হবে। যাতে লিঙ্গ সচেতন মধ্যস্ততাগুলি নির্মাণ করা যায়। লিঙ্গ বৈষম্যের ওপর নিয়মিত নজর রেখে তার প্রতিবিধান করতে এবং মধ্যস্থতাগুলির ফলে সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে কি ভালো প্রভাব পড়ছে সেই তথ্যগুলি সংবদ্ধভাবে সংগ্রহ করতে লিঙ্গ-সচেতন সূচকগুলিকে ব্যবহার করতে হবে।

১১.১১ সামুদ্রিক খাদ্য উৎপাদনে ক্ষুদ্রায়তন মৎস্যচাষের ভূমিকা স্বীকৃতি প্রদান করে রাষ্ট্র এবং অন্য পক্ষগুলির তরফে মাছ এবং মৎস্যজাত দ্রব্যের

ব্যবহারের বিষয়টি উপভোক্তাদের শিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা উচিত— যাতে মাছ খাওয়া পুষ্টিগত গুণাবলি সবচেয়ে সচেতনতা বৃদ্ধি করা যায়। তার সঙ্গে কিভাবে মাছ বা মৎস্যজাত দ্রব্যের গুণাবলী নিরূপণ করা যায় সে বিষয়েও জানাতে হবে।

১২। সামর্থ্যর বিকাশ সাধন ও প্রশিক্ষনঃ

১২.১ ক্ষুদ্রায়তন মতসজীবি সম্প্রদায়ের লোকেরা যাতে দিদ্ধান্ত গ্রহণ প্রকিয়ায় অংশগ্রহণ করার উপযুক্ত সামর্থ্য-অর্জন করে সেই উদ্দেশ্যে রাষ্ট্র ও অন্য পক্ষগুলির তরফে তাঁদের খমতার বিকাশসাধনের কর্মসূচী গ্রহণ করা উচিত। এই লক্ষ্যে ক্ষুদ্রায়তন মৎস্যচাষ উপবিভাগের সমগ্র মূল্য শৃঙ্খল জুড়ে বিস্তার এবং বৈচিত্র্যের বাস্তবটি যাতে আইনিসিদ্ধ, গণতান্ত্রিক এবং প্রতিনিধিত্বমূলক কাঠামো সৃষ্টির ভিতর দিয়ে যথাযথভাবে পরিবেশিত হয় সেই ব্যাপারটিকে সুনিশ্চিত করতে হবে। সেই সব কাঠামোর মধ্যে মহিলাদের যথাযথ অংশগ্রহণের সপক্ষে কাজ করার দিকটিতে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। যেখানে যুক্তিযুক্ত বা দরকারি মনে হবে সেখানে আলাদা পরিসর এবং প্রকরণ সরবরাহ করতে হবে যাতে তাঁদের সঙ্গে বিশেষভাবে জড়িত ব্যাপারগুলি নিয়ে স্বয়ংশাষিতভাবেই সংগঠিত হবার সামর্থ্য মহিলারা অর্জন করেন,

১২.২ রাষ্ট্র ও অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট পক্ষের তরফে উন্নয়ন কর্মসূচীর ভিতর দিয়ে সামর্থ্য বৃদ্ধির সুযোগ করে দিতে হবে যাতে ক্ষুদ্রায়তন মৎস্যচাষীরা বাজারে সুযোগ সুবিধা থেকে লাভ ওঠাতে পারে।

১২.৩ বর্তমান জ্ঞান ও দক্ষতার ওপর ভিত্তি করেই যে ক্ষমতার বিকাশ করে যেতে হবে দে ব্যাপারটি সকল্কেই মেনে নিতে হবে এবং সঙ্গে সঙ্গে স্বীকার করে নিতে হবে যে এতই জ্ঞান স্থানান্তরের একটি উভমুখী প্রক্রিয়া— এর মাধ্যমে নিরাপত্তাহীন প্রান্তিক গোষ্ঠী, নারী-পুরুষ সব ব্যাক্তির প্রয়োজন পূরণের জন্য নমনীয় ও উপযুক্ত শিক্ষার পথ হাতে তুলে দেওয়া হয়। এছাড়াও, খমতার বিকাশের প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত রাখতে হবে খারাপ সময় কাটিয়ে উঠে স্বাভাবিকতায় ফেরার স্থিতিস্থাপক ক্ষমতার নির্মাণ এবং CCA-র প্রাসঙ্গিকতায় মৎস্যজীবি সম্প্রদায়ের অভিযোজনের ক্ষমতা নির্মাণ।

১২.৪ সর্বস্তররে সরকারি কর্তৃপক্ষ এবং প্রতিনিধিত্বমূলক সংস্থাগুলিকে দক্ষতা এবং জ্ঞান নির্মাণে একসাথে কাজ করতে হবে, যার সাহায্যে ক্ষুদ্রায়তন মৎস্যচাষীরা উন্নয়নের ব্যাপারটিতে এবং যথোপযুক্ত ক্ষেত্রে সফলভাবে পরিচালন ব্যবস্থাকে সহায়তা প্রদান করে যেতে পারে। বিকেন্দ্রীভূত এবং সরাসরি প্রশাসনিক সুনিয়ন্ত্রিত এবং উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে জড়িত স্থানীয় সরকারি প্রাতিষ্ঠানিক কাঠামোগুলিকে গবেষণার ক্ষেত্র সমেত ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠীর সঙ্গে যাতে জুড়ে দেওয়া যায় সে দিকটিতে সচেষ্ট থাকতে হবে।

১৩। বাস্তবায়ন সহায়তা এবং অগ্রগতি পর্যবেক্ষণ

১৩.১ জাতীয় অগ্রাধিকারগুলিকে গুরুত্ব দিয়ে এবং পরিস্থিতি অনুযায়ী এই নির্দেশক নীতিগুলির ব্যবহারিক প্রয়োগের কাজে সকল পক্ষকেই উৎসাহিত করা হচ্ছে।

১৩.২ সাহায্য দানের কার্যকরী প্রয়োগ, এবং আর্থিক সম্পদের দায়িত্বশীল ব্যবহারের কাজে সক্রিয় সহযোগিতার জন্য রাষ্ট্র সহ সকল পক্ষেরই এগিয়ে আসা উচিত। উন্নয়নের ক্ষেত্রের সকল অংশীদার, জাতিসংঘের বিশেষ দক্ষতাসম্পন্ন এজেন্সিসমূহ এবং আঞ্চলিক সংগঠনগুলিকে নির্দেশক নীতিগুলির (দক্ষিণ সহযোগিতার মাধ্যমেও) রুপায়নের স্বেচ্ছাধীন উদ্যোগকে সমর্থন দেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। প্রযুক্তিগত সহযোগিতা, আর্থিক সাহায্য, প্রাতিষ্ঠানিক ক্ষমতার বিকাশ, জ্ঞান আদান-প্রদান জাতীয় ক্ষুদ্রায়তনের মৎস্যচাষ উন্নয়নে প্রযুক্তি হস্তান্তরের সহযোগিতা— যে কোনো একটি উপায়ে এই সাহায্য করা যেতে পারে।

১৩.৩ রাষ্ট্র এবং অন্যান্য পক্ষগুলির উচিৎ নির্দেশক নীতিগুলির বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং সেই উদ্দেশ্য ক্ষুদ্রায়তন মৎস্যচাষে কর্মরতদের সুবিধার জন্য সরলীকৃত ও অনুদিত সংস্করণ বিলি করা। রাষ্ট্র এবং অন্যান্য পক্ষগুলির উচিত লিঙ্গ সম্পর্কিত বিশেষ একগুচ্ছ বিষয়বস্তু গঠন করে ক্ষুদ্রায়তনের মৎস্যচাষের ক্ষেত্রগুলিতে লিঙ্গ ভিত্তিক তথ্য এবং মহিলাদের ভূমিকার বিষয়ে তথ্য বণ্টন করা। সাথে সাথে মহিলাদের মর্যাদা, তাঁদের কাজের অবস্থান ও গুন উন্নীত করার প্রয়োজনীয় পদক্ষেপগুলিকে অগ্রাধিকার দেওয়া।

১৩.৪ রাষ্ট্রগুলির উচিৎ, নির্দেশাবলীগুলির উদ্দেশ্য ও অনুমোদন গুলির প্রণয়ন অগ্রসর হচ্ছে কিনা তা তার প্রতিষ্ঠান মারফৎ নিয়মিত পর্যবেক্ষনের মাধ্যমে মুল্যায়ন করার গুরুত্ব স্বীকার করা। জাতীয় খাদ্য নিরাপত্তার পটভূমিতে খাদ্যের অধিকারের ক্রমবর্ধমান বাস্তবায়নের সুফল এবং দারিদ্র দূরীকরণ কর্মসূচীর কার্যকর পরিমাপ করাও করণীয় কর্মসূচীর মধ্যে অন্তর্ভুক্ত হওয়া উচিত। নীতিগুলির রুপায়ণের ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণের ফলাফলগুলি নীতিগঠনে পুনঃগ্রহণ ও পুনঃরূপায়ণের জন্য অনুমোদনযুক্ত প্রকরণকে কাজে লাগাতে হবে। খাদ্য নিরাপত্তার লক্ষ্যে ও দারিদ্র্য দূরীকরণের জন্য স্ত্রী-পুরুষ উভয়কে ধরেই স্থায়িত্বশীল সম্পদের ব্যবহারের ক্ষেত্রে ক্ষুদ্রায়তন মৎস্যচাষের প্রকৃত অবদানকে ভালোভাবে আরও যত্ন সহকারে সম্পাদন করতে হবে।

১৩.৫ রাষ্ট্রকে সুশীল সমাজ সংগঠনগুলিকে(CSO) শক্তিশালী প্রতিনিধিত্বসহ জাতীয় স্তরের মঞ্চ গঠনের সুযোগ করে দিতে হবে যাতে নির্দেশক নীতিগুলির

যথাযথ রূপায়ণগুলির পর্যবেক্ষণ করা। ক্ষুদ্রায়তন মৎস্যজীবি গোষ্ঠীগুলির আইনসম্মত প্রতিনিধিদের উন্নয়ন, নির্দেশক নীতিগুলির রূপায়ণের কর্মকৌশল প্রয়োগ এবং নিয়মিত পর্যবেক্ষণের কাজে যুক্ত করতে হবে। নির্দেশক নীতিগুলির রূপায়ণের সহায়ক আঞ্চলিক পরিকল্পনা সহ বিশ্বব্যাপী সহয়তা কর্মসূচী বিকাশের কাজে FAO -এর তরফে প্রচার ও সমর্থন করতে হবে।

১৩.৬ FAO উপরোক্ত পরিচালন নীতি গুলি, আঞ্চলিক পরিকল্পনা অনুসারে বাস্তবায়িত করতে একটি আন্তর্জাতিকে কর্মসূচীকে সমর্থন ও বাস্তবায়ন করা উচিৎ।

খাদ্য নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচন প্রেক্ষাপটে টেকসই ক্ষুদ্র মৎস্যশিকার সুরক্ষিত করার জন্য এই স্বেচ্ছা নির্দেশিকা দায়ী মৎস্যশিকারের জন্য কোড অফ কন্ডাক্ট যা ১৯৯৫ এর এফএও-র কোড অফ কন্ডাক্টের একটি সম্পূরক নির্দেশিকা হিসেবে তৈরী হয়েছে। সেগুলি সার্বিক নীতি ও বিধানাবলী সমর্থনে ক্ষুদ্রায়তন মৎস্যশিকারের পরিপূরক নির্দেশনা প্রদান করার জন্য প্রস্তুত হয়েছিল। সেই অনুযায়ী, নির্দেশিকাটিতে ক্ষুদ্রায়তন মৎস্যশিকারের ইতিমধ্যেই গুরুত্বপূর্ণ ভূমিকার দৃশ্যমানতা, স্বীকৃতি ,বর্ধিতকরণ সমর্থন এবং ক্ষুধা ও দারিদ্র্য দূরীকরণের প্রতি আন্তর্জাতিক এবং জাতীয় প্রচেষ্টার অবদানের উদ্দেশ্যে করা হয়েছে। নির্দেশনা নথিতে, ক্ষুদ্রায়তন জেলে ও মাছ শ্রমিক ও সংশ্লিষ্ট কার্যক্রমগুলি এবং প্রান্তিক মানুষের উপর জোর দিয়ে, দায়ী মৎস্যশিকার ও বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের সুবিধার জন্য টেকসই একটি সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের অধিকার ভিত্তিক বর্ণনা পেশ করা হয়েছে।

আইএসবিএন(ISBN) 978-93-80802-39-8